ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং: ইআবি/কামিল কেন্দ্র/সেমিনার/ভলি-০১/২০২৬/০০৬৮০ তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৭ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

## "মাদরাসায় উচ্চ শিক্ষা: সম্ভাবনা ও চ্যালেঞ্জ" শীর্ষক সেমিনার-২০২৬ এ অংশগ্রহণ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ময়মনসিংহ বিভাগের সকল জেলার ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ, উপাধ্যক্ষ, গভর্নিং বডির সভাপতি ও সদস্যগণের অংশগ্রহণে আগামী ৩০ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ বৃহস্পতিবার দুপুর ২.৩০ ঘটিকায় তারেক স্মৃতি অডিটোরিয়াম, ময়মনসিংহ এ **"মাদরাসায় উচ্চ শিক্ষা: সম্ভাবনা ও চ্যালেঞ্জ"** শীর্ষক সেমিনার-২০২৬ আয়োজন করা হয়েছে। সেমিনারে প্রধান আলোচক হিসেবে উপস্থিত থাকবেন প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান, মাননীয় ভাইস চ্যান্সেলর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। বিশেষ আলোচক হিসেবে উপস্থিত থাকবেন জনাব শাহীনুল ইসলাম, ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ও প্রফেসর ড. মুহাম্মদ গোলাম রব্বানী, মাদরাসা পরিদর্শক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। সভাপতিত্ব করবেন প্রফেসর ড. মোহাম্মদ ইলিয়াছ ছিদ্দিকী, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

উক্ত সেমিনারে ময়মনসিংহ বিভাগের সকল জেলার প্রত্যেক ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ, উপাধ্যক্ষ, গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্যসহ মোট ০৪ জনকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**উল্লেখ্য, সেমিনারে অংশগ্রহণকারী অধ্যক্ষ, উপাধ্যক্ষ, গভর্নিং বডির সভাপতি ও সদস্যবৃন্দের যাতায়াত খরচ সংশ্লিষ্ট মাদরাসা কর্তৃপক্ষ বহন করবেন।**

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২৭/৭/২৬

(মোঃ হারুনুর রশীদ)
সহকারী অধ্যাপক, আরবি ভাষা ও সাহিত্য বিভাগ
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
মোবাইল: ০১৮১৯ ৭২৭৩০৫

প্রাপক
অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
(ময়মনসিংহ বিভাগের সকল ফাজিল ও কামিল মাদরাসা)

স্মারক নং: ইআবি/কামিল কেন্দ্র/সেমিনার/ভলি-০১/২০২৬/০০৬৮০ তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৭ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. মাদরাসা পরিদর্শক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. পরিচালক, অর্থ ও হিসাব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. প্রো ভাইস-চ্যান্সেলর (একাডেমিক) এর একান্ত সচিব, (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬. প্রো ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) এর একান্ত সচিব, (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৭. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৯. সভাপতি, গভর্নিং বডি, ময়মনসিংহ বিভাগের সকল ফাজিল ও কামিল মাদরাসা।
১০. সংশ্লিষ্ট নথি।

27.07.2026

(মুহাম্মদ আখলাকুল আম্বিয়া)
সহকারী রেজিস্ট্রার
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
মোবাইল: ০১৭২১ ৩৭২০০০